

সাবা | Saba | سَبَأٌ

আয়াতঃ ৩৪ : ৫১

আরবি মূল আয়াত:

وَلَوْ تَرَىٰ إِذْ فَزِعُوا فَلَا فَوْتَ وَ أَخِذُوا مِنْ مَّكَانٍ قَرِيبٍ ﴿٥١﴾

অনুবাদসমূহ:

আর যদি তুমি দেখতে যখন তারা ভীত-সন্ত্রস্ত হয়ে পড়বে তখন পালাবার কোন পথ পাবে না এবং নিকটস্থ স্থান থেকে তাদেরকে পাকড়াও করা হবে। — আল-বায়ান

তুমি যদি দেখতে! যখন তারা ভয়ে কম্পমান হয়ে পড়বে, কিন্তু তারা কোন অব্যাহতি পাবে না। একেবারে কাছের জায়গা থেকেই তাদেরকে ধরে ফেলা হবে। — তাইসিরুল

তুমি যদি দেখতে যখন তারা ভীত বিহ্বল হয়ে পড়বে! তারা অব্যাহতি পাবেনা এবং তারা নিকটস্থ স্থান হতে ধৃত হবে। — মুজিবুর রহমান

And if you could see when they are terrified but there is no escape, and they will be seized from a place nearby. — Sahih International

৫১. আর আপনি যদি দেখতেন যখন তারা ভীত-বিহ্বল হয়ে পড়বে, তখন তারা অব্যাহতি পাবে না এবং তারা খুব কাছের স্থান থেকে ধরা পড়বে,

-

তাফসীরে জাকারিয়া

(৫১) তুমি যদি দেখতে যখন এরা ভীত-বিহ্বল হয়ে পড়বে, তখন এরা কোন প্রকার অব্যাহতি পাবে না[1] এবং এরা অদূরে থেকেই ধৃত হবে।

[1] 'فَلَا فَوْتَ' কোথাও পালাতে পারবে না, কারণ সে আল্লাহর পাকড়াও-এর আয়ত্তে হবে। এ বর্ণনা হাশরের ময়দানের।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3657>